

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, অক্টোবর ২৬, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধানমন্ত্রীর কার্যালয়

প্রজ্ঞাপন

তারিখ, ০৭ কার্তিক ১৪২১/২২ অক্টোবর ২০১৪

নং ০৩.০৭১.০০৬.০৩.০০১.২০১৪-২৮১/(৩০) — জাতিসংঘের সমুদ্র আইন বিষয়ক আন্তর্জাতিক ট্রাইবুনাল এবং আন্তর্জাতিক সালিশী আদালতের রায়ে বাংলাদেশের অর্জিত জলসীমায় সমুদ্র সম্পদ আহরণ ও সুষ্ঠু ব্যবস্থাপনার লক্ষ্যে কোশলগত পরিকল্পনা গ্রহণের উদ্দেশ্যে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে ২০-০৮-২০১৪ তারিখ অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ ও সংস্থার প্রতিনিধি সমন্বয়ে নিম্নরূপ “সমুদ্র সম্পদ আহরণ ও সুষ্ঠু ব্যবস্থাপনা বিষয়ক সমন্বয় কমিটি” গঠন করা হলো :

- (১) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা - সমন্বয়কারী
- (২) সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা - যুগ্ম-সমন্বয়কারী
- (৩) নৌবাহিনী প্রধান এর প্রতিনিধি, নৌবাহিনী সদর দপ্তর, বনানী, ঢাকা - সদস্য
- (৪) সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা - সদস্য
- (৫) সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা - সদস্য
- (৬) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা - সদস্য
- (৭) সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, গণভবন কমপ্লেক্স, শেরেবাংলা নগর, ঢাকা - সদস্য

(১৯১৯৩)
মূল্য ৪ টাকা ৪.০০

- (৮) সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা - সদস্য
- (৯) সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা - সদস্য
- (১০) সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা - সদস্য
- (১১) সচিব, মেরিটাইম এ্যাফেয়ার্স ইউনিট, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা - সদস্য
- (১২) সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা - সদস্য
- (১৩) সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা - সদস্য
- (১৪) সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা - সদস্য
- (১৫) সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা - সদস্য
- (১৬) সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা - সদস্য
- (১৭) সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, মতিঝিল বা/এ, ঢাকা - সদস্য
- (১৮) মহাপরিচালক, কোস্ট গার্ড, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, ঢাকা - সদস্য
- (১৯) মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা - সদস্য
- (২০) চেয়ারম্যান, পেট্রোবাংলা, কাওরান বাজার, ঢাকা - সদস্য
- (২১) চেয়ারম্যান, বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো), আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা - সদস্য
- (২২) মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা - সদস্য
- (২৩) মহাপরিচালক, বাংলাদেশ ভূ-তাত্ত্বিক জরিপ অধিদপ্তর, জিএসবি ভবন, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা - সদস্য
- (২৪) চেয়ারম্যান, ভূ-তত্ত্ব বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা - সদস্য
- (২৫) সার্ভেয়ার জেনারেল অব বাংলাদেশ, সার্ভে অব বাংলাদেশ, তেজগাঁও, ঢাকা - সদস্য

২। কমিটির কার্যপরিধি :

- (ক) এই কমিটি বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ ও সংস্থা কর্তৃক স্বল্প, মধ্যম ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন মনিটর করবে।
- (খ) প্রয়োজনে কমিটি এক বা একাধিক ব্যক্তি/কর্মকর্তাকে কো-অপ্ট করতে পারবে।
- (গ) কমিটি প্রতি ৩(তিনি) মাস অন্তর ন্যূনতম একবার সভায় মিলিত হবে।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোঃ আশরাফ উদ্দিন
পরিচালক।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd